



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।  
ক্রেডিট বিভাগ



সূত্র নং-প্রকা/ক্রেডিটবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/ ২৬৩৯ (১২৫৭)  
মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।  
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

তারিখঃ ২৫/০৫/২০২২

বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় কৃষি ঋণের জন্য ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন কিম্বা এর আওতায় লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২১ এর আওতায় ঋণ বিতরণ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ৩০ জুন, ২০২২ তারিখ মেয়াদে ঋণ বিতরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে নির্ধারিত সময়ের অর্থাৎ ২০২১-২০২২ অর্থবছরের ১১ (এগার) মাস অতিক্রান্ত হলেও এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ২৪/০৫/২০২২ তারিখ ডিষ্টিক বিভাগওয়ারী এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের শতকরা হার (%)
১	ঢাকা	২৩৫.০০	১৬৯.০৬	৭১.৯৪%
২	ময়মনসিংহ	২৫০.০০	১৪৪.৮৩	৫৭.৯৩%
৩	চট্টগ্রাম	৮০.০০	৬২.৩৪	৭৭.৯৩%
৪	খুলনা	২৩০.০০	১৫০.৬৯	৬৫.৫২%
৫	বরিশাল	১১৫.০০	৮৭.০৬	৭৫.৭১%
৬	সিলেট	৫৫.০০	৪৭.৮১	৮৬.৯৩%
৭	কুমিল্লা	১২০.০০	১০২.৫৮	৮৫.৪৮%
৮	ফরিদপুর	৯০.০০	৭৯.৮১	৮৮.৬৮%
৯	কুষ্টিয়া	১১০.০০	৯৩.৮৩	৮৫.৩০%
১০	এলপিও	৫.০০		০%
মোটঃ		১২৯০.০০	৯৩৮.০১	৭২.৭১%

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় এলপিওসহ সকল বিভাগ এসিডি সার্কুলার নং-০২, তারিখ ১৪ সেপ্টেম্বর, ২০২১ এর আওতায় ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে অর্থাৎ ২৩/০৫/২০২২ তারিখ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয়েছে ৭২.৭১%। ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন হওয়া প্রয়োজন ছিল ৮৯.৭২%। ময়মনসিংহ ও খুলনা বিভাগ বর্ণিত স্কিমের আওতায় আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে অনেক পেছনে থাকায় এবং এলপিও কর্তৃক কোন ঋণ বিতরণ না করায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন।

চলমান পাতা-০২


বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় কৃষি খাতের জন্য ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

০৩। আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে ঋণ বিতরণ শতভাগ সম্পন্ন করতে হবে বিধায় ৩০ জুন, ২০২২ পর্যন্ত লক্ষ্যমাত্রার ১০০% অর্থাৎ ১২৯০.০০ কোটি টাকা ঋণ বিতরণ করতে যার বিপরীতে মোট কর্মদিবস রয়েছে ২৭ (সাতাশ) টি। উক্ত অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে প্রতিটি কর্মদিবসে ঋণ বিতরণ করতে হবে ১৩.০৪ কোটি টাকা, যাতে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করা সম্ভব হয়। সেই লক্ষ্যে শাখাসমূহকে দৈনিক ভিত্তিতে আনুপাতিক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক ১০০% অর্জনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-৪৬৬(১২৫০) ও ৬৭৮(১২৫০) তারিখঃ যথাক্রমে ১৫/০৯/২০২১ ও ১৩/১০/২০২১ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের জন্য শাখা ও অঞ্চল কে দৈনিক ভিত্তিতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণ সহ বিভাগওয়ারী যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্টদের বহন করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(চানু গোপাল ঘোষ)


উপব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/ক্রঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/ ২ ৬৩৯ (৪২৪)

তারিখঃ ২৫/০৫/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক